

জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট
ফোন: ২২২৩৩৮১৩৩৭

প্রচার বিজ্ঞপ্তি নং-৪২৬/২৩

তারিখ: ১৬ আগস্ট, ২০২৩ খ্রি:
০১ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ

সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি অ্যান্ড সিইও
সকল সহকারী মহাব্যবস্থাপক ও ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/
বিভাগীয় কার্যালয়/লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/
এরিয়া অফিস/সকল শাখা/বৈদেশিক শাখা/সকল স্টাফ কলেজ
সকল সাবসিডিয়ারি কোম্পানি ও এক্সচেঞ্জ হাউজ।


বিষয়: জনতা ব্যাংক লিমিটেড-এর নাম পরিবর্তন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ০৮/০৮/২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯ এর মাধ্যমে কোম্পানী আইন, ১৯৯৪ এর ১১(ক) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট ২০২৩ মোতাবেক ২৪ শ্রাবণ ১৪৩০ রোজ মঙ্গলবার হতে তফসিলি ব্যাংকসমূহের তালিকায় জনতা ব্যাংক লিমিটেড-এর নাম জনতা ব্যাংক পিএলসি. (ইংরেজিতে Janata Bank PLC.) হিসেবে পরিবর্তন করা হয়েছে।

০২. বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রষ্ট্রপতির ১৯৭২ সালের ১২৭ নম্বর আদেশ)-এর ৩৭(২)(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট ২০২৩ মোতাবেক ২৪ শ্রাবণ ১৪৩০ রোজ মঙ্গলবার হতে তফসিলিভুক্ত জনতা ব্যাংক লিমিটেড-এর নাম পরিবর্তনপূর্বক জনতা ব্যাংক পিএলসি. (ইংরেজিতে Janata Bank PLC.) করা হয়েছে।
০৩. উল্লেখ্য, এ ব্যাংকের অনুকূলে ৩১ মে ২০০৭ তারিখে ইস্যুকৃত লাইসেন্স নং-বিআরপিডি(পি-৩)৭৪৬(২)/২০০৭-১৫৬৭ বাতিলপূর্বক সংশোধিত লাইসেন্স নং-বিআরপিডি(এলএস-১)/৭৪৫(২)/২০২৩-৬২৬৩, তারিখ: ০৮ আগস্ট ২০২৩ ইস্যু করা হয়েছে।
০৪. পরিচালনা পর্ষদের ১৬ আগস্ট ২০২৩ তারিখের ৭৮১তম সভায় বাংলাদেশ ব্যাংক-এর ০৮ আগস্ট ২০২৩ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ০৮ আগস্ট ২০২৩ হতে জনতা ব্যাংক লিমিটেড-এর নাম পরিবর্তনপূর্বক জনতা ব্যাংক পিএলসি. (ইংরেজিতে Janata Bank PLC.) হিসেবে নামকরণ করে প্রচার বিজ্ঞপ্তি জারি করার নির্দেশ প্রদান করা হয়েছে।
০৫. এমতাবস্থায়, সকল ক্ষেত্রে জনতা ব্যাংক লিমিটেড নামের পরিবর্তে জনতা ব্যাংক পিএলসি. (ইংরেজিতে Janata Bank PLC.) নাম ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

আপনার বিশ্বস্ত,


মো: আবদুস সোবহান মিয়া
উপমহাব্যবস্থাপক


প্রতিভা রানী সরকার
মহাব্যবস্থাপক


বাংলাদেশ ব্যাংক

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ আগস্ট ২০২৩ মোতাবেক ২৪ শ্রাবণ ১৪৩০

সূত্র নং- বিআরপিডি(এলএস-১)/৭৪৫(২)/২০২৩-৬২৬৫

বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সালের ১২৭ নম্বর আদেশ) এর ৩৭(২)(c) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট ২০২৩ মোতাবেক ২৪ শ্রাবণ ১৪৩০ রোজ মঙ্গলবার হইতে তফসিলভুক্ত 'জনতা ব্যাংক লিমিটেড' এর নাম পরিবর্তনপূর্বক 'জনতা ব্যাংক পিএলসি.' (ইংরেজীতে 'Janata Bank PLC.') করা হইল।



(আবু ফরাহ মোঃ নাছের)

ডেপুটি গভর্নর